# Bangladesh Single Window

## সিএলপি সাবমিশন এবং অনুমোদন প্রক্রিয়ার ম্যানুয়াল

# সূচিপত্র

১) ভূমিকা ........ ৪
২.সংক্ষিপ্ত বিবরন ........ ৫
৩. BSW পোর্টালে কিভাবে লগইন করতে হবে........ ৬
৪. ভাষা ........ ৭
৫. মেন্যুসমূহ........ ৭
৬। ঔষধের কাঁচামাল/প্যাকেজিং উপকরণ আমদানির জন্য ব্লক তালিকার অনুমোদন আবেদন প্রক্রিয়া(৪৭০১) ........ ১১

৬.১ হেডার ট্যাব ........ ১২
৬.২ নেইম এবং পার্টিস ট্যাব ........ ১৮
৬.৩ আইটেম ট্যাব........ ২২
৬.৪ ডকুমেন্টস সংযুক্তকরন ........ ৩১

৭। কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ছাড়পত্র (Certificate of Clearance)- এর আবেদন প্রক্রিয়া**(৪৭০৭)**........ ৩৭
৭.১ হেডার ট্যাব (Header Tab) ........ ৩৭
৭.২ নাম এবং দলসমূহ ট্যাব ........ ৪১
৭.৩ আইটেম ট্যাব........ ৪৩
৭.৪ সংযুক্ত নথিপত্র ........ ৪৪

৮. ঔষধ/ভ্যাকসিন/চিকিৎসা সরঞ্জাম (৪৭০৩) আমদানির জন্য ইন্ডেন্ট/পি.আই অনুমোদনের আবেদন প্রক্রিয়া ..................... ..............৪৫
৮.১ হেডার ট্যাব ........................................................................................................৪৫
৮.২ নাম ও দলসমূহ ট্যাব.................................................................................................. ৫১
৮.৩ আইটেম ট্যাব .........................................................................................................৫৪
৮.৪ সংযুক্ত নথিপত্র ট্যাব ..................................................................................................৬৪
৯. ফিনিশড মেডিসিন, ভ্যাকসিন বা মেডিকেল ডিভাইসের আমদানির শংসাপত্রের আবেদন প্রক্রিয়া**(৪৭০৯)**...................................৬৮
৯.১ হেডার ট্যাব......................................................................................................... ৬৮
৯.২ নাম ও দলসমূহ ট্যাব .................................................................................................. ৭১
৯.৩ আইটেম ট্যাব.......................................................................................................... ৭২
৯.৪ সংযুক্ত নথিপত্র ...................................................................................................... ৭২
১০. অনুমোদন প্রক্রিয়া (৪৭০৩)............................................................................................. ৭৬
১০.১ অনুমোদন প্রক্রিয়ার প্রথম ধাপ ........................................................................................ ৭৭
১০.২ অনুমোদন প্রক্রিয়ার চূড়ান্ত ধাপ .........................................................................................৭৮

# ১) ভূমিকা

| | |
|---|---|
| উপাদান সমূহের নাম | CLP সাবমিশন মডিউল ব্যবহারের ম্যানুয়াল |
| উপাদান সমূহ | BSW অ্যাপ্লিকেশনে ব্যবসায়ীর ভূমিকা |
| সাধারন বিবরণ | এই নথিটি ব্যবসায়ীদের লাইসেন্সের আবেদনপত্র তৈরিতে নির্দেশনা দেয়। |


নিরাপত্তা বিজ্ঞপ্তি: এই নথির অন্তর্ভুক্ত তথ্য সমূহ অতীব গোপনীয়। অননুমোদিত তথ্য প্রকাশ নিষিদ্ধ। মালিকানা সংক্রান্ত তথ্য সম্পর্কিত Webb Fontaine নির্দেশিকা পালনে ব্যর্থতার ফলে বরখাস্ত সহ শাস্তিমূলক ব্যবস্থা হতে পারে এবং আপনাকে অথবা তৃতীয় পক্ষকে আইনি দায়বদ্ধতার আওতায় আনা হবে।

## ২.সংক্ষিপ্ত বিবরনঃ

এই নথিটি ব্যবহারকারীদের BSW অ্যাপ্লিকেশনের গুরুত্ব সম্পর্কে ধারণা প্রদান করবে এবং একটি NOC, লাইসেন্স অ্যাপ্লিকেশন তৈরি করার জন্য পোর্টালে কীভাবে লগইন করতে হবে সে সম্পর্কে অবগত করবে।এই নথিতে সকল প্রকার মেন্যু/অপশন অন্তর্ভুক্ত করে যেমন, কীভাবে নতুন অ্যাপ্লিকেশন, ট্যাব, সংযুক্ত নথি, এবং বিএসডব্লিউ পোর্টালে প্রাপ্ত তথ্য তৈরি করা যায় এবং পোর্টালের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যায় সে বিষয়টি সম্পর্কে অবহিত করে৷

BSW পোর্টালে লগইন প্রক্রিয়াঃ


১. আপনার সিস্টেমের ব্রাউজারের এড্রেস বারে URL: https://bswnbr.gov.bd/en/ টাইপ করুন এবং ক্লিক করুন।




২. আপনি BSW অ্যাপ্লিকেশনের হোমপেইজে প্রবেশ করবেন।


## ৩. BSW পোর্টালে কিভাবে লগইন করতে হবেঃ

BSW পোর্টালে সফলভাবে ব্যবসায়ীর অ্যাকাউন্ট তৈরি করার পর, ব্যবহারকারী BSW অ্যাপ্লিকেশনটির লগইন পৃষ্ঠায় ক্লিক করে পোর্টালে লগইন করতে পারবেন (নিম্নের চিত্রটিতে দেখানো হয়েছে)।




## ৪. ভাষাঃ

এই পোর্টালটি দ্বিভাষিক অর্থাৎ বাংলা ও ইংরেজি উভয় ভাষায় ব্যবহার করা যাবে।আপনি ইংরেজি থেকে বাংলা অথবা বাংলা থেকে ইংরেজি ভাষা নির্বাচন করতে পারবেন। ভাষা পরিবর্তন করার জন্য (যদি প্রয়োজন হয়) নিম্নের চিত্রে দেখানো বাটনে ক্লিক করুন।



## ৫. মেন্যুসমূহ:

পোর্টালে সফলভাবে লগইন করার পর, ব্যবসায়ীদের মেন্যুতে প্রবেশ করার নির্দেশ প্রদান করা হবে। মেন্যুতে, তারা বিভিন্ন অপশন সহ একটি ফর্ম দেখতে পাবেন। নিম্নের চিত্রে দেখানো হলঃ




**a.** ব্যবসায়ীদের ব্যবহারকারীর নাম দেখানো হবে,


**b.** একটি নতুন CLP অ্যাপ্লিকেশন তৈরি করতে, ব্যবসায়ীদের Fill New Application এ ক্লিক করতে হবে,

**c.** ব্যবসায়ীরা ড্রপ-ডাউন অপশন (পেন্ডিং পেমেন্ট, অনুরোধ করা এবং জিজ্ঞাসা করা) থেকে আবেদন পত্রের বর্তমান আপডেট /অবস্থা সম্পর্কে জানতে পারবেন।

**d.** অ্যাডভান্সড সার্চ মেন্যুতে ক্লিক করার পর,

d1. অ্যাড ফিল্টার নামে একটি নতুন মেন্যু প্রদর্শিত হবে, যেখান থেকে ব্যবসায়ীগণ অনুসন্ধানের জন্য বিভিন্ন ফিল্টার যুক্ত করতে পারবেন।







**e.** এই মেন্যুটির মাধ্যমে, ব্যবসায়ীগণ লাল বক্সে দেখানো অপশনগুলো নির্বাচন করে অনুসন্ধান অপারেশন কলাম পরিবর্তন করতে পারবেন:

**f.** এই বিভাগে ব্যবসায়ীগণ CLP অ্যাপ্লিকেশনের সকল অবস্থা সম্পর্কে অবগত হতে পারবেন, এবং লাল রঙের বক্সে দেখানো f1-এর বাটনটিতে ক্লিক করে সার্চ অপারেশনের ফলাফল নির্বাচন করতে পারবেন।

**g.** পোর্টাল থেকে লগ আউট করার জন্য, ব্যবসায়ীগণ লগ আউট বাটনে ক্লিক করতে পারেন।


## ৬। কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির জন্য ব্লক লিস্ট অনুমোদনের একটি নতুন আবেদন কীভাবে তৈরি করবেন:


কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক লিস্ট অনুমোদনের জন্য একটি নতুন আবেদন করতে, ব্যবসায়ীদের প্রথমে নিচে প্রদর্শিত "নতুন আবেদন পূরণ করুন (Fill New Application)" বাটনটি ক্লিক করতে হবে।




## ৬.১ হেডার ট্যাব:

Fill New Application-এ ক্লিক করে, একজন ব্যবসায়ী হেডার ট্যাবে প্রবেশ করবেন। হেডার ট্যাবে, ব্যবসায়ীগণ বিভিন্ন ফিল্ড সহ একটি ফর্ম দেখতে পাবেন। Type of CLP ফিল্ডে ক্লিক করুন। Type of CLP ফিল্ডে ক্লিক করার পর, একজন ব্যবসায়ী ড্রপ-ডাউন অপশনে বিভিন্ন ধরনের NOC/CLP দেখতে পাবেন।






(a)টাইপ অফ সিএলপি থেকে প্রয়োজনীয় সিএলপি নির্বাচন করার পর, নির্বাচিত CLP এর-উপর নির্ভর করে হেডার ট্যাবে কিছু অতিরিক্ত ফিল্ড যোগ করা যাবে।


National Board of Revenue, Bangladesh
জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ
EN
Masuma Akter
CLP
Fill New Application
Document Status:
Header
Names & Parties
Items 0
Attached Documents 0
a
Type of CLP
b
Flow
Import
c
User Reference Number
MSM24472
d
Request Number
Request Number
e
Request Date
Request Date
f
Approval Reference
Approval Reference
g
Approval Date
Approval Date
h
Valid From
Valid From Date
i
Valid To
Valid To Date

**b.ফ্লো:** নির্বাচিত CLP-এর ধরণ অনুযায়ী ফ্লো নির্ধারিত হবে। যদি নির্বাচিত CLP-র ধরণটি এক্সপোর্ট টাইপ হয় তবে সিস্টেমটি "এক্সপোর্ট" মান নির্ধারণ করবে এবং নির্বাচিত প্রকারটি যদি ইম্পোর্ট টাইপ হয় তবে সিস্টেম "ইম্পোর্ট" মান নির্ধারণ করবে।

**c.ইউজার রেফারেন্স নাম্বারঃ** সিস্টেম থেকে ইউজার রেফারেন্স নাম্বার প্রদান করা হয়। ব্যবসায়ীরা সিস্টেম-অ্যাসাইনড রেফারেন্স নাম্বার ব্যবহার করতে পারেন অথবা প্রয়োজনে রেফারেন্স নাম্বার পরিবর্তন করতে পারবেন।

**d.রিকোয়েস্ট নাম্বারঃ** CLP অ্যাপ্লিকেশনটি অনুরোধ করা হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে একটি রিকোয়েস্ট নাম্বার প্রদান করবে।

**e.রিকোয়েস্ট ডেটঃ** CLP অ্যাপ্লিকেশনটির স্থিতি অনুরোধ করা হলে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে একটি রিকোয়েস্ট ডেট নির্ধারণ করে। এটি সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে উৎপন্ন হয় এবং ব্যবসায়ীদের জন্য নিষ্ক্রিয় করা হবে।

**f.অ্যাপ্রুভাল রেফারেন্সঃ** আবেদন প্রক্রিয়া অনুমোদিত হওয়ার পর সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে অনুমোদনের রেফারেন্স নম্বর প্রদান করবে।

**g.অ্যাপ্রুভাল ডেটাঃ** CLP অ্যাপ্লিকেশনটি অনুমোদিত হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে একটি অনুমোদনের তারিখ নির্ধারণ করে। অনুমোদনের তারিখ হল সেই তারিখ যে তারিখে CLP আবেদন অনুমোদিত হয়েছিল।

**h.ভ্যালিড ফ্রমঃ** CLP অ্যাপ্লিকেশনটি অনুমোদিত হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে লাইসেন্সের একটি বৈধ তারিখ নির্ধারণ করে। ফিল্ডটি লাইসেন্সটি কত দিন বৈধ থাকবে সেই তারিখটি নির্দেশ করে।

**i.ভ্যালিড টুঃ** সিস্টেমটি লাইসেন্সের বৈধতা সময়কাল নির্ধারণ করে এবং CLP-র ধরন অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে ভ্যালিড টু ডেট বরাদ্দ করে।

Type of License (j)

Last Year's (FY) Total Import (C&F) in Taka (k)

VAT Paid Last Year (FY) (l)

(in Taka)

Shipping Period (m)

Mode of Transport (n)

**For Official Use** (o)

Remarks

**j. লাইসেন্সের ধরন:**

এই ড্রপডাউন মেনু থেকে ব্যবসায়ী তার আবেদনের সাথে প্রাসঙ্গিক লাইসেন্সের ধরন নির্বাচন করতে পারবেন।

**k. গত অর্থবছরের (FY) মোট আমদানি (C&F) টাকায়:**

ব্যবসায়ীকে গত অর্থবছরে মোট আমদানির মূল্য এই ঘরে লিখতে হবে। C&F অর্থ "Cost and Freight", অর্থাৎ পণ্যের পরিবহন ব্যয়সহ গন্তব্য বন্দরে পৌঁছানো পর্যন্ত মোট মূল্য।

**l. গত অর্থবছরে পরিশোধিত ভ্যাট (FY):**

এই ঘরে ব্যবসায়ীকে গত অর্থবছরে প্রদত্ত মোট মূল্য সংযোজন কর (VAT) এর পরিমাণ লিখতে হবে।

**m. শিপমেন্টের সময়কাল:**

এখানে ব্যবসায়ীকে লেনদেন সম্পর্কিত প্রত্যাশিত বা প্রকৃত শিপমেন্টের সময়কাল উল্লেখ করতে হবে।


**n. পরিবহনের ধরন:**

এই ড্রপডাউন মেনু থেকে ব্যবসায়ীকে পণ্য পরিবহনের মাধ্যম নির্বাচন করতে হবে (যেমন: আকাশপথ, সমুদ্রপথ, সড়কপথ, রেলপথ)।

**o. অফিসিয়াল ব্যবহারের জন্য:**

এই অংশটি আবেদন প্রক্রিয়াকরণকারী কর্মকর্তাদের অভ্যন্তরীণ মন্তব্য বা নোটের জন্য সংরক্ষিত। ফর্ম পূরণকারীদের এখানে কিছু লেখার অনুমতি থাকবে না।

**৬.২ নেইম এবং পার্টিস ট্যাব:** এই ট্যাবে, ব্যবসায়ীরা বিভিন্ন অপশন পাবেন, যা নিচে দেখানো হয়েছে:




a. **কোম্পানির কোড এবং নাম:** কোম্পানির কোড এবং নাম সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে এবং ব্যবসায়ীদের জন্য নিষ্ক্রিয় থাকবে। কোম্পানির কোড এবং নাম খুঁজতে ব্যবসায়ীদের শুধু দুই অক্ষরের একটি ন্যূনতম ইনপুট দিতে হবে এবং ড্রপডাউন অপশন থেকে কোম্পানির নাম এবং কোড নির্বাচন করতে হবে।

b. **কোম্পানির ঠিকানা:** কোম্পানির ঠিকানা স্বয়ংক্রিয়ভাবে ASYCUDA ওয়ার্ল্ড সিস্টেম থেকে পূরণ হবে।

c. **কোম্পানির ফোন:** ব্যবসায়ীকে এই ক্ষেত্রে কোম্পানির ফোন নম্বর প্রদান করতে হবে।

d. **কোম্পানির ইমেইল:** এই ক্ষেত্রে একটি ইমেইল আইডি প্রদান করতে হবে। ব্যবসায়ীদের NOC/CLP আবেদন সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে এই ইমেইলের মাধ্যমে জানানো হবে।

e. **রপ্তানিকারক/প্রেরকের নাম ও ঠিকানা:** ব্যবসায়ীকে এই ক্ষেত্রে রপ্তানিকারক/প্রেরকের বিস্তারিত তথ্য যেমন নাম এবং ঠিকানা পূরণ করতে হবে।


Factory Address of The Importer
f
Name & Designation of Qualified Person
g
Registration Number of Qualified Person
h
CCI&E Category
i
CCI&E Registration Number
j

**f. আমদানিকারকের কারখানার ঠিকানা:**

ব্যবসায়ীকে আমদানিকারকের কারখানার সম্পূর্ণ ঠিকানা প্রদান করতে হবে যা তথ্য যাচাই ও অফিসিয়াল রেকর্ড সংরক্ষণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**g. যোগ্য ব্যক্তির নাম ও পদবি:**

এই ঘরে দায়িত্বপ্রাপ্ত যোগ্য ব্যক্তির পূর্ণ নাম ও পদবি (চাকরির শিরোনাম) লিখতে হবে—বিশেষ করে ওষুধ শিল্পের মতো নিয়ন্ত্রিত খাতে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**h. যোগ্য ব্যক্তির নিবন্ধন নম্বর:**

উপরোক্ত যোগ্য ব্যক্তির বৈধ নিবন্ধন বা লাইসেন্স নম্বর এখানে প্রদান করতে হবে।

**i. সিসিআই অ্যান্ড ই (CCI&E) ক্যাটাগরি:**


এই ড্রপডাউন ঘর থেকে ব্যবসায়ীকে আমদানি ও রপ্তানির প্রধান নিয়ন্ত্রকের (Chief Controller of Imports & Exports - CCI&E) আওতায় উপযুক্ত নিবন্ধন ক্যাটাগরি (যেমন: ইন্ডাস্ট্রিয়াল বা কমার্শিয়াল) নির্বাচন করতে হবে।

**j. সিসিআই অ্যান্ড ই (CCI&E) নিবন্ধন নম্বর:**


এই ঘরটি আমদানিকারক প্রতিষ্ঠানের জন্য সিসিআই অ্যান্ড ই কর্তৃক প্রদত্ত অফিসিয়াল নিবন্ধন নম্বর লেখার জন্য।

## ৬.৩ আইটেম ট্যাব:


নাম ও পার্টি ট্যাবের ফিল্ডে তথ্য প্রদান করার পর, একজন ব্যবসায়ী আইটেম ট্যাবে ক্লিক করে আইটেম ট্যাবে যেতে পারবেন।



ব্যবসায়ীরা আইটেম ট্যাবে ক্লিক করবেন এবং নতুন আইটেম তৈরি করুন (লাল বক্সে দেখানো হয়েছে) ক্লিক করে আইটেম যোগ করতে পারবেন।



**a.** কমোডিটি কোড: HS কোডের প্রথম ২-সংখ্যার কোড (হারমোনাইজড সিস্টেম কোড) প্রদান করার পর সিস্টেম দ্বারা প্রদত্ত স্বয়ংক্রিয়-সাজেশনের মাধ্যমে কমোডিটি কোড প্রদর্শিত হবে [HS কোড: ব্যবসায়িক পণ্য শ্রেণীবদ্ধ করার জন্য নাম এবং সংখ্যার একটি আন্তর্জাতিক মানসম্মত সিস্টেম]।




কমোডিটি কোড ফিল্ডে একটি দুই-সংখ্যার কোড প্রদান করার পর, একজন ব্যবসায়ী সংশ্লিষ্ট HS কোড সহ আইটেমগুলোর একটি তালিকা দেখতে পারবেন। ব্যবসায়ীরা সিস্টেমের দেওয়া তালিকা থেকে একটি পণ্য কোড নির্বাচন করতে পারবেন।

**b.** উৎপত্তিস্থল: ব্যবসায়ীরা সিস্টেম দ্বারা প্রদত্ত দেশের তালিকা থেকে পণ্যটির উৎপাদনকৃত দেশ নির্বাচন করতে পারবেন।

**c.** পণ্য বিবরণ: পণ্যের বিবরণ কমোডিটি/এইচএস কোডের সাথে যুক্ত যা নির্বাচিত সংশ্লিষ্ট কোডের সাথে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হয়।

**d.** বাণিজ্যিক বিবরণ (পণ্যের নাম): এই ফিল্ডটি পণ্যের বাণিজ্যিক নাম প্রকাশ করার জন্য প্রদান করা হয়েছে এবং ব্যবসায়ীরা এই ফিল্ডে পণ্যের একটি বাণিজ্যিক বিবরণও প্রদান করবেন।

**e.** প্রস্তুতকারকের নাম ও ঠিকানা: এই অপশনটিতে ব্যবসায়ী পণ্যটির প্রস্তুতকারকের নাম ও ঠিকানা প্রদান করবেন।





**f. অনুরোধকৃত পরিমাণ বা পরিমাপ:**এই ঘরে ব্যবসায়ীকে তারা যে পরিমাণ বা পরিমাণের পণ্য ক্রয় করতে চান তা উল্লেখ করতে হবে।

**j. অনুমোদিত পরিমাণ বা পরিমাপ:** এই ঘরটি ওষুধ প্রশাসন অধিদপ্তরের (DGDA) কর্মকর্তারা পূরণ করবেন।

**h. অবশিষ্ট পরিমাণ বা পরিমাপ:** এটি ডিজিডিএ (DGDA) কর্মকর্তাদের দ্বারা পূরণ করা হবে, এবং এটি অনুমোদনের পর অবশিষ্ট পরিমাণ নির্দেশ করবে।

**i. উপকরণের ধরন:** এই ড্রপডাউন মেনু থেকে ব্যবসায়ীকে উপকরণের ধরন নির্বাচন করতে হবে।


Suppliers Name & Address
k
Write the name and address of the Supplier
Unit Price
l
Currency of Unit Price
m
Search
Total Value in Taka
n
Total Quantity
o
Unit of Total Quantity
p
Total Quantity in Word
q

**k. সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:** ব্যবসায়ীকে সেই সরবরাহকারী বা বিক্রেতার নাম ও ঠিকানা প্রদান করতে হবে, যার কাছ থেকে পণ্য আমদানি করা হবে।

**l. একক মূল্য (Unit Price):** এটি সেই মূল্যের নির্দেশনা দেয় যা একটি একক পণ্য বা সেবার জন্য পরিশোধ করতে হবে।

**m. একক মূল্যের মুদ্রা:** এই ঘরে উল্লেখ করতে হবে যে, একক মূল্য কোন মুদ্রায় নির্ধারিত হয়েছে, যেমন USD, EUR, বা BDT (বাংলাদেশি টাকা) ।

**n. মোট মূল্য (বাংলাদেশি টাকায়):** এই ঘরে পণ্যের মোট মূল্য বাংলাদেশি টাকায় (BDT) উল্লেখ করতে হবে, যা একক মূল্য এবং মোট পরিমাণের ভিত্তিতে হিসাব করা হয়। এটি হলো পণ্য বা সেবার জন্য পরিশোধযোগ্য চূড়ান্ত অর্থের পরিমাণ।

**o. মোট পরিমাণ:** এই ঘরে ব্যবসায়ীকে আমদানিকৃত পণ্যের মোট ইউনিট সংখ্যা উল্লেখ করতে হবে, যা সাধারণত টুকরা, কেজি, লিটার বা অন্যান্য প্রাসঙ্গিক এককে মাপা হয়।

**p. মোট পরিমাণের একক:** এই ঘরে মোট পরিমাণের জন্য ব্যবহৃত একক মাপ উল্লেখ করতে হবে, যেমন টুকরা, বাক্স, কেজি, লিটার ইত্যাদি।

**q. শব্দে মোট পরিমাণ:** এই ঘরে সংখ্যায় দেওয়া মোট পরিমাণ শব্দে লিখতে হবে।

Name of the Corresponding Finished Product ← r

Quantity of the Finished Product Last Year (FY) ← s

Whether Included in the DML/Recipe approved ← t

Quantity Imported Last Year (FY) ← u

Quantity Approved this Year (FY) ← v

Total Quantity Required this Year (FY) ← w

**r. সংশ্লিষ্ট প্রস্তুতকৃত পণ্যের নাম:** এটি সেই চূড়ান্ত পণ্যের নাম বোঝায়, যা উৎপাদনের জন্য ক্রয়কৃত উপকরণ হিসেবে ব্যবহৃত হবে।

**s. গত অর্থবছরে (FY) প্রস্তুত পণ্যের পরিমাণ:** এখানে ব্যবসায়ীকে গত অর্থবছরে উৎপাদিত, বিক্রিত বা সংগ্রহকৃত প্রস্তুত পণ্যের মোট পরিমাণ উল্লেখ করতে হবে।


**t. ড্রাগ মাস্টার লিস্ট (DML)/অনুমোদিত রেসিপিতে অন্তর্ভুক্ত কিনা:** ব্যবসায়ীকে এখানে উল্লেখ করতে হবে যে, ক্রয়কৃত পণ্যটি ড্রাগ মাস্টার লিস্ট (DML) বা অনুমোদিত রেসিপির অন্তর্ভুক্ত কিনা।

**u. গত অর্থবছরে (FY) আমদানিকৃত পরিমাণ:** এই ঘরে ব্যবসায়ীকে গত অর্থবছরে আমদানিকৃত পণ্যের মোট পরিমাণ উল্লেখ করতে হবে।


**v. চলতি অর্থবছরে (FY) অনুমোদিত পরিমাণ:** এই ঘরে চলতি অর্থবছরের জন্য পণ্য বা উপকরণের যেটুকু পরিমাণ ব্যবহার বা ক্রয়ের জন্য অফিসিয়ালভাবে অনুমোদিত হয়েছে, তা উল্লেখ করতে হবে।

**w. চলতি অর্থবছরে (FY) প্রয়োজনীয় মোট পরিমাণ:** এই ঘরে ব্যবসায়ীকে চলতি অর্থবছরের জন্য প্রয়োজনীয় পণ্য বা উপকরণের মোট পরিমাণ উল্লেখ করতে হবে।


## ৬.৪ ডকুমেন্টস সংযুক্তকরন:




ব্যবসায়ীরা 'নতুন ডকুমেন্ট তৈরি করুন" বাটনে ক্লিক করে ডকুমেন্ট প্রদান করতে পারবেন অথবা ব্যবসায়ীরা সিস্টেম-প্রস্তাবিত নথিতে ক্লিক করে পরিবর্তনও করতে পারবেন। যখন একজন ব্যবসায়ী 'নতুন ডকুমেন্ট তৈরি করুন " বাটনে ক্লিক করবেন, তখন তিনি একটি নতুন ফর্ম দেখতে পারবেন যেখানে ব্যবসায়ী সিস্টেম দ্বারা প্রদত্ত ড্রপ-ডাউন অপশনগুলো থেকে সংযুক্ত ডকুমেন্টের ধরন নির্বাচন করতে পারবেন।




আইটেম ট্যাবের সকল ঘর পূরণ করার পর, ব্যবসায়ীকে 'সংযুক্ত নথিপত্র (Attached Documents)' ট্যাবে যেতে হবে।এই ট্যাবে ক্লিক করার সাথে সাথে ব্যবসায়ীকে এমন একটি পৃষ্ঠায় নিয়ে যাওয়া হবে, যেখানে প্রথমে 'রিকোয়েস্ট (Request)' বাটন ক্লিক করতে হবে। এতে আইটেম ট্যাবে দেওয়া তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় নথিপত্রের একটি তালিকা তৈরি হবে।এরপর ব্যবসায়ীকে সেই তালিকাভুক্ত প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে এবং আবার রিকোয়েস্ট (Request)' বাটন ক্লিক করে কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক লিস্ট অনুমোদনের জন্য আবেদনটি জমা দিতে হবে।



Fill New Application
Cancel Editing
Store
Request
Document Status:
Upload JSON
Header
Names & Parties
Items 1
Attached Documents 4
All Documents
Search
Attach new document
1. Invoice 0204
Document Ref. No: -
Date: -
2. Bill Of Lading (B/L) 0705
Document Ref. No: -
Date: -
3. LC 0203
Document Description
Cancel
Save Changes
a
b
c
d
e
Code
0204
Invoice
Reference Number
Write reference name
Date
Date
Upload File
Drag & Drop files here or choose file
File supported PNG, JPEG, JPG, PDF
Max Size 2MB

**a.কোড:** সংযুক্ত ডকুমেন্ট কোডগুলো কাস্টমস ঘোষণার জন্য ASYCUDA ওয়ার্ল্ড দ্বারা ব্যবহৃত কোডগুলোর মতোই। অ্যাপ্লিকেশনটির সাথে সংযুক্ত নথিগুলোর বিবরণের পাশাপাশি কোডগুলোর একটি তালিকা ব্যবহারকারীকে প্রদান করা হবে। ব্যবহারকারীরা প্রয়োজনে বাধ্যতামূলক নথির সংখ্যা সংযুক্ত করতে পারবেন।


**b.রেফারেন্স নাম্বার:** ব্যবহারকারী ভবিষ্যতে ব্যবহারের জন্য সংযুক্ত নথিতে একটি রেফারেন্স নাম্বার দিতে পারবেন। ব্যবহারকারীরা প্রয়োজন অনুযায়ী মান পূরণ করতে পারবেন বা ফ্লিডটি ফাঁকা রেখে দিতে পারবেন, এটি একটি ঐচ্ছিক ফিল্ড।


**c. তারিখ:** এই ফ্লিডটি সংশ্লিষ্ট নথি আপলোড করার তারিখ প্রদান করার জন্য। ব্যবহারকারীরা প্রয়োজন অনুযায়ী মান পূরণ করতে পারেন বা ফ্লিডটি ফাঁকা রেখে দিতে পারেন, এটি একটি ঐচ্ছিক ফিল্ড।

**d.ফাইল আপলোড:** "upload" অপশনটিতে প্রাসঙ্গিক তথ্যাদি ইনপুট করা যাবে। ব্যবহারকারীরা সর্বোচ্চ 2MB সাইজের ফাইল আপলোড করতে পারবেন।

**e.তালিকায় যুক্ত করুন:** আপলোড ফাইল অপশনটিতে ফাইলটি সংযুক্ত করার পর, ব্যবহারকারীদের ডকুমেন্ট জমা দেওয়ার জন্য অ্যাড টু লিস্ট বাটনে ক্লিক করতে হবে।

ডকুমেন্ট জমা দেওয়া/যোগ করার পর, ব্যবহারকারীর কাছে নথির একটি ভিউ/স্ন্যাপশট থাকবে। তথ্য সঠিকভাবে পূরণ করার সময়, ব্যবহারকারী/ব্যবসায়ীদের NOC/CLP অ্যাপ্লিকেশন তৈরি করতে অনুরোধ/Request (লাল বক্সে দেখানো) বাটনে ক্লিক করতে হবে, এবং ব্যবহারকারী/ব্যবসায়ীরা একটি কনফারমেশন ইমেইল পাবেন যা আবেদনটি সফলভাবে জমা হয়েছে তা নিশ্চিত করবে।







আবেদনের অনুরোধ করার পর একজন ব্যবসায়ী ভিউ আইকন (বাম-পাশের লাল বক্স) বাটনে ক্লিক করে NOC/CLP আবেদনের স্ট্যাটাস (ডান দিকের লাল বক্স) চেক করতে পারবেন।

**৭। কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ছাড়পত্র (Certificate of Clearance)- এর আবেদন প্রক্রিয়া :**

একজন ব্যবসায়ী কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক লিস্ট-এর আবেদন (৪৭০১)জমা দেবেন। একবার DGDA কর্তৃপক্ষ দ্বারা আবেদনটি অনুমোদিত হলে, তখন তিনি কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ছাড়পত্র জেনারেট করতে পারবেন। ফর্ম ৪৭০৭-এর প্রয়োজনীয় ক্ষেত্রগুলি অনেকটাই ফর্ম ৪৭০১-এর মতো, তবে কিছু অতিরিক্ত বা ভিন্ন ক্ষেত্র রয়েছে, যা নিচে আলোচনা করা হয়েছে।

**৭.১ হেডার ট্যাব (Header Tab):**

হেডার ট্যাবে ব্যবসায়ীকে কিছু অতিরিক্ত ঘর পূরণ করতে হবে, যেখানে অন্যান্য সকল ঘর "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক লিস্ট অনুমোদন" শিরোনামের লাইসেন্স ফর্মের মতোই থাকবে (পৃষ্ঠা: ১২-১৫)।এই অতিরিক্ত ঘরগুলো নিচে উল্লেখ করা হলো:



**I. রপ্তানিকারক দেশ:** এটি সেই দেশ বোঝায় যেখান থেকে পণ্য রপ্তানি করা হচ্ছে। কাস্টমস ডকুমেন্টেশন ও বাণিজ্যিক নিয়মাবলীর জন্য এটি গুরুত্বপূর্ণ। ব্যবসায়ী ড্রপডাউন মেনু থেকে রপ্তানিকারক দেশ নির্বাচন করতে পারবেন।

**II. প্রবেশ পয়েন্ট:** প্রবেশ পয়েন্ট হলো সেই স্থান যেখানে আমদানিকৃত পণ্য প্রথম গন্তব্য দেশে পৌঁছায়—সাধারণত কোনো বন্দর, বিমানবন্দর বা সীমান্ত চেকপোস্ট। ব্যবসায়ীকে এই ঘরে ড্রপডাউন মেনু থেকে প্রবেশ পয়েন্ট উল্লেখ করতে হবে।

**III. বিভাগীয় অফিস:** এটি সেই নির্দিষ্ট সরকারি বা নিয়ন্ত্রক অফিস বোঝায়, যেটি আমদানি/রপ্তানি প্রক্রিয়া তদারকি ও অনুমোদনের দায়িত্বে নিয়োজিত। এটি হতে পারে কাস্টমস বিভাগ, বাণিজ্য অফিস বা অন্য কোনো প্রাসঙ্গিক কর্তৃপক্ষ। ব্যবসায়ী ড্রপডাউন মেনু থেকে এটি নির্বাচন করতে পারবেন।

**IV. ইনভয়েস মুদ্রা কোড:** এই ঘরে সেই মুদ্রার আন্তর্জাতিক কোড (যেমন: USD, EUR) উল্লেখ থাকবে, যার মাধ্যমে লেনদেনের ইনভয়েস তৈরি হয়েছে। ব্যবসায়ী এটি ড্রপডাউন মেনু থেকে নির্বাচন করতে পারবেন।

**V. বিদেশি মুদ্রায় ইনভয়েস মূল্য:** এই ঘরে রপ্তানিকারক দেশের মুদ্রায় ইনভয়েসের মোট মূল্য প্রদর্শিত হবে। এটি সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে প্রদান করা হবে।

**VI. বাংলাদেশি টাকায় ইনভয়েস মূল্য:** এই ঘরে ইনভয়েসের মূল্য বাংলাদেশি টাকায় রূপান্তরিত হয়ে দেখানো হবে। সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে এটি তৈরি করবে।

**VII. খালাসের স্থান:** এটি সেই গন্তব্যস্থান বোঝায় যেখানে পণ্য আমদানি দেশে পৌঁছানোর পর খালাস করা হবে—যেমন: বন্দর, বিমানবন্দর বা নির্দিষ্ট কোনো গুদাম। ব্যবসায়ীকে এই ঘরে খালাসের স্থান উল্লেখ করতে হবে।

Type of License ⟵ VIII

Last Year's Total Import (C&F) in Taka ⟵ IX

VAT Paid Last Year ⟵ X

(in Taka)

Shipping Period ⟵ XI

Mode of Transport ⟵ XII

**For Official Use** ⟵ XIII

Remarks

**VIII. লাইসেন্স -এর ধরন**: এখানে আমদানি বা রপ্তানি প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় লাইসেন্স এর ধরন উল্লেখ করতে হবে, যেমন আমদানি লাইসেন্স, রপ্তানি লাইসেন্স বা নির্দিষ্ট পণ্যের ধরন ও নিয়ম অনুযায়ী বিশেষ অনুমতি। ব্যবসায়ী ড্রপডাউন মেনু থেকে লাইসেন্স এর ধরন নির্বাচন করতে পারবেন।

**XI. গত বছরের মোট আমদানি (C&F) টাকায়**: এই ঘরে ব্যবসায়ীকে গত অর্থবছরে C&F ভিত্তিতে (Cost and Freight সহ) আমদানিকৃত পণ্যের মোট মূল্য উল্লেখ করতে হবে।


**X. গত বছরে পরিশোধিত ভ্যাট (VAT Paid Last Year):** এই ঘরে গত অর্থবছরে আমদানিকৃত পণ্যের উপর ব্যবসায়ী কত পরিমাণ মূল্য সংযোজন কর (VAT) পরিশোধ করেছেন তা উল্লেখ করতে হবে।

**XI. শিপমেন্টের সময়কাল (Shipping Period):** এই ঘরে পণ্য পরিবহনের যে সময়সীমার মধ্যে পরিবহন সম্পন্ন হওয়ার কথা বা নির্ধারিত রয়েছে, সেটি উল্লেখ করতে হবে।

**XII. পরিবহনের মাধ্যম (Mode of Transport):** এটি সেই মাধ্যম বোঝায় যার মাধ্যমে পণ্য পরিবহন করা হবে—যেমন বিমান, জাহাজ, স্থলপথ বা রেলপথ। ব্যবসায়ী ড্রপডাউন মেনু থেকে এটি নির্বাচন করতে পারবেন।

**XIII. অফিসিয়াল ব্যবহারের জন্য (For Official Use):** এই ঘরটি শুধুমাত্র ওষুধ প্রশাসন অধিদপ্তরের (DGDA) কর্মকর্তাদের জন্য নির্ধারিত। ব্যবসায়ীরা এই ঘরে কোনো তথ্য প্রদান করতে পারবেন না।

**৭.২ নাম এবং দলসমূহ ট্যাব:** এই ট্যাবে, ব্যবসায়ীকে কিছু অতিরিক্ত ঘর পূরণ করতে হবে, অন্য সকল ঘর পূর্বে প্রদত্ত “কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন” শিরোনামের লাইসেন্সে যেমন ছিল, ঠিক তেমনই থাকবে। (পৃষ্ঠা: ১৮-১৯)




**যোগ্য ব্যক্তির নাম ও ঠিকানা:** ব্যবসায়ীকে সেই মনোনীত যোগ্য ব্যক্তির পূর্ণ নাম ও অফিসিয়াল ঠিকানা প্রদান করতে হবে, যিনি ওষুধ বা অন্যান্য নিয়ন্ত্রিত পণ্যের আমদানি/রপ্তানি প্রক্রিয়া তত্ত্বাবধানের জন্য দায়ী।

**যোগ্য ব্যক্তির নিবন্ধন নম্বর:** ব্যবসায়ীকে সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষ কর্তৃক যোগ্য ব্যক্তির নামে ইস্যুকৃত অফিসিয়াল নিবন্ধন নম্বর প্রদান করতে হবে।

**সিসিআই অ্যান্ড ই শ্রেণিবিভাগ:** এই ঘরটিতে ব্যবসায়ীকে আমদানি ও রপ্তানির প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (CCI&E) অনুযায়ী তাদের শ্রেণিবিন্যাস উল্লেখ করতে হবে, যেমন: শিল্পখাত, বাণিজ্যিক খাত অথবা ব্যবসার প্রকৃতির উপর ভিত্তি করে প্রযোজ্য অন্য কোনো বিভাগ।

**সিসিআই অ্যান্ড ই নিবন্ধন নম্বর:** ব্যবসায়ীকে সিসিআই অ্যান্ড ই কর্তৃক নির্ধারিত একটি স্বতন্ত্র নিবন্ধন নম্বর প্রদান করতে হবে, যা তাদের আমদানি/রপ্তানি কার্যক্রম পরিচালনার অনুমোদন প্রদান করে।

**৭.৩ আইটেম ট্যাব:** আইটেম ট্যাবে, ব্যবসায়ীকে দুটি অতিরিক্ত ঘর পূরণ করতে হবে, যেখানে অন্যান্য সকল ঘর পূর্বে প্রদত্ত কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন" শিরোনামের লাইসেন্সের মতোই অপরিবর্তিত থাকবে। (পৃষ্ঠা:২২-২৫ )



Name of the Corresponding Finished Product

Whether Included in the DML/Recipe approved

**সংশ্লিষ্ট প্রস্তুত পণ্যের নাম:** এই ঘরটিতে আমদানিকৃত কাঁচামাল বা প্যাকেজিং উপকরণের সাথে সংশ্লিষ্ট চূড়ান্ত (প্রস্তুত) পণ্যের নাম উল্লেখ করতে হবে।


ডিএমএল/অনুমোদিত রেসিপিতে অন্তর্ভুক্ত কিনা: এই ঘরটি নিশ্চিত করে যে উক্ত প্রস্তুত পণ্যটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ড্রাগ মাস্টার লিস্ট (DML) অথবা নিবন্ধিত পণ্যের ফর্মুলেশন (রেসিপি)-তে অন্তর্ভুক্ত আছে কি না।


**৭.৪ সংযুক্ত নথিপত্র:** নথিপত্র সংযুক্ত করার জন্য, ব্যবসায়ীকে "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন" শিরোনামের লাইসেন্সের জন্য প্রদত্ত একই নির্দেশাবলী অনুসরণ করতে হবে (পৃষ্ঠা: ৩১-৩৫ দেখুন)। ব্যবসায়ীকে "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ" আমদানির ছাড়পত্র (Certificate of Clearance) এর জন্য আবেদন করার সময় নিম্নলিখিত তিনটি নথি সংযুক্ত করতে হবে:




## ৮. ঔষধ/ভ্যাকসিন/চিকিৎসা সরঞ্জাম (৪৭০৩) আমদানির জন্য ইন্ডেন্ট/পি.আই অনুমোদনের আবেদন করার পদ্ধতি:

**৮.১ হেডার ট্যাব**:যখন ব্যবসায়ী "নতুন আবেদন পূরণ করুন" বাটনে ক্লিক করবেন, তখন তিনি হেডার ট্যাব-এ প্রবেশ করবেন। সেখানে নিম্নোক্ত ছবিতে প্রদর্শিত কয়েকটি ঘর পূরণ করতে হবে।




National Board of Revenue, Bangladesh
জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ
EN
Masuma Akter
CLP
Fill New Application
Document Status:
Header
Names & Parties
Items 0
Attached Documents 0
a
Type of CLP
b
Flow
Import
c
User Reference Number
MSM24472
d
Request Number
Request Number
e
Request Date
Request Date
f
Approval Reference
Approval Reference
g
Approval Date
Approval Date
h
Valid From
Valid From Date
i
Valid To
Valid To Date

**a)সিএলপি এর প্রকার:** CLP এর ধরন ফিল্ডে ক্লিক করার পর, ব্যবসায়ী ড্রপ-ডাউন অপশনে বিভিন্ন ধরনের NOC/CLP দেখতে পাবেন। সেখানে প্রয়োজনীয় CLP এর ধরন নির্বাচন করার পর, নির্বাচিত CLP এর ধরনের উপর ভিত্তি করে হেডার ট্যাবে কিছু অতিরিক্ত ঘর প্রদর্শিত হবে। নিচের ছবিটি এই বিষয়টি স্পষ্টভাবে উপস্থাপন করেছে।



**b.ফ্লো:** নির্বাচিত CLP-এর ধরণ অনুযায়ী ফ্লো নির্ধারিত হবে। যদি নির্বাচিত CLP-র ধরণটি এক্সপোর্ট টাইপ হয় তবে সিস্টেমটি "এক্সপোর্ট" মান নির্ধারণ করবে এবং নির্বাচিত প্রকারটি যদি ইম্পোর্ট টাইপ হয় তবে সিস্টেম "ইম্পোর্ট" মান নির্ধারণ করবে।

**c.ইউজার রেফারেন্স নাম্বারঃ** সিস্টেম থেকে ইউজার রেফারেন্স নাম্বার প্রদান করা হয়। ব্যবসায়ীরা সিস্টেম-অ্যাসাইনড রেফারেন্স নাম্বার ব্যবহার করতে পারেন অথবা প্রয়োজনে রেফারেন্স নাম্বার পরিবর্তন করতে পারবেন।

**d.রিকোয়েস্ট নাম্বারঃ** CLP অ্যাপ্লিকেশনটি অনুরোধ করা হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে একটি রিকোয়েস্ট নাম্বার প্রদান করবে।


**e.রিকোয়েস্ট ডেটঃ** CLP অ্যাপ্লিকেশনটির স্থিতি অনুরোধ করা হলে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে একটি রিকোয়েস্ট ডেট নির্ধারণ করে। এটি সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে উৎপন্ন হয় এবং ব্যবসায়ীদের জন্য নিষ্ক্রিয় করা হবে।

**f.অ্যাপ্রুভাল রেফারেন্সঃ** আবেদন প্রক্রিয়া অনুমোদিত হওয়ার পর সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে অনুমোদনের রেফারেন্স নম্বর প্রদান করবে।

**g.অ্যাপ্রুভাল ডেটাঃ** CLP অ্যাপ্লিকেশনটি অনুমোদিত হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে একটি অনুমোদনের তারিখ নির্ধারণ করে। অনুমোদনের তারিখ হল সেই তারিখ যে তারিখে CLP আবেদন অনুমোদিত হয়েছিল।

**h.বৈধতার মেয়াদঃ** CLP অ্যাপ্লিকেশনটি অনুমোদিত হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে লাইসেন্সের একটি বৈধ তারিখ নির্ধারণ করে। ফিল্ডটি লাইসেন্সটি কত দিন বৈধ থাকবে সেই তারিখটি নির্দেশ করে।

**i.বৈধতার শুরুঃ** সিস্টেমটি লাইসেন্সের বৈধতা সময়কাল নির্ধারণ করে এবং CLP-র ধরন অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে ভ্যালিড টু ডেট বরাদ্দ করে।


Country of Export
j
Select...
Invoice Currency Code
k
Select...
Invoice Value in Foreign Currency
l
Invoice Value in Foreign Currency
Invoice value in BDT
m
Invoice Value in National Currency
CLP Category
n
Mode of Transport
o
For Official Use
p
Remarks

**j. রপ্তানিকারক দেশ (Country of Export):**যে দেশ থেকে পণ্য পাঠানো বা রপ্তানি করা হচ্ছে, সেই দেশের নাম এই ঘরে উল্লেখ করতে হবে।

**k. ইনভয়েস মুদ্রা কোড (Invoice Currency Code):**যে মুদ্রায় ইনভয়েস ইস্যু করা হয়েছে, সেই মুদ্রার কোড (যেমন: USD – মার্কিন ডলার, EUR – ইউরো, BDT – বাংলাদেশি টাকা) এখানে লিখতে হবে।

**l. বৈদেশিক মুদ্রায় ইনভয়েস মূল্য (Invoice Value in Foreign Currency):**ইনভয়েসে উল্লিখিত পণ্যের বা সেবার মোট অর্থমূল্য সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রায় এখানে উল্লেখ করতে হবে।


**m. ইনভয়েস মূল্য (BDT-তে) (Invoice Value in BDT):**এই ঘরটি সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে, যেখানে বৈদেশিক মুদ্রার মূল্য বাংলাদেশি টাকায় রূপান্তর করে দেখানো হবে।

**n. CLP ক্যাটাগরি (CLP Category):** ব্যবসায়ীকে ড্রপ-ডাউন মেনু থেকে নির্বাচন করতে হবে যে, Commercial Letter of Permission (CLP) একটি ইভেন্ট ভিত্তিক নাকি প্রোফর্মা ইনভয়েস (PI) ভিত্তিক।

**o. পরিবহনের মাধ্যম (Mode of Transport):**ড্রপ-ডাউন অপশন থেকে পণ্য পরিবহনের মাধ্যম নির্বাচন করতে হবে—যেমন: সমুদ্র (Sea), আকাশপথ (Air), সড়কপথ (Road), বা রেলপথ (Rail)।

p. **অফিসিয়াল ব্যবহারের জন্য (For Official Use):** এই অংশটি নিয়ন্ত্রক কর্তৃপক্ষের (DGDA) জন্য সংরক্ষিত, যেখানে তারা প্রয়োজনীয় অফিসিয়াল মন্তব্য বা নির্দেশনা প্রদান করবেন।

**৮.২ নাম ও দলসমূহ ট্যাব (Name & Parties Tab):** নাম ও পক্ষসমূহ ট্যাবে ব্যবসায়ীরা বিভিন্ন অপশন দেখতে পাবেন, যা নিচে প্রদর্শিত হয়েছে:




**a. কোম্পানি কোড ও নাম (Company Code and Name):** কোম্পানির কোড ও নাম সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে তৈরি করবে এবং এটি ব্যবসায়ীর জন্য নিষ্ক্রিয় থাকবে। তবে কোম্পানির কোড ও নাম খুঁজে পেতে ব্যবসায়ীকে কমপক্ষে ০২টি অক্ষর টাইপ করতে হবে, তখন একটি ড্রপ-ডাউন অপশন দেখা যাবে, যেখান থেকে কোম্পানির কোড ও নাম নির্বাচন করা যাবে।

**b. কোম্পানির ঠিকানা (Company Address):** এই ঘরটি ASYCUDA World System থেকে স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে এবং ব্যবসায়ী কেবলমাত্র এটি দেখতে পারবেন।

**c. কোম্পানির ফোন নম্বর (Company Phone):**ব্যবসায়ীকে অবশ্যই এই ঘরে একটি বৈধ কোম্পানির ফোন নম্বর প্রদান করতে হবে।

**d. কোম্পানির ইমেইল (Company Email):** এই ঘরে একটি বৈধ ইমেইল ঠিকানা দিতে হবে। ব্যবসায়ীর NOC/CLP আবেদন সংক্রান্ত সকল আপডেট এই ইমেইলের মাধ্যমে জানানো হবে।

**e. রপ্তানিকারক/প্রেরকের নাম ও ঠিকানা (Export/Sender Name & Address):** এই ঘরে ব্যবসায়ীকে রপ্তানিকারক বা প্রেরকের বিস্তারিত তথ্য যেমন নাম ও ঠিকানা প্রদান করতে হবে।





**f. ইনডেন্টারের নাম (Name of Indenter):** এই ঘরে ব্যবসায়ীকে ইনডেন্টারের পূর্ণ নাম উল্লেখ করতে হবে।


**g. ইনডেন্টার রেজিস্ট্রেশন নম্বর (Indenter Registration Number):** এই ঘরে ইনডেন্টারের বৈধ রেজিস্ট্রেশন নম্বর প্রদান করতে হবে।

**h. আইআরসি নম্বর (IRC Number):** এই ঘরে Import Registration Certificate (IRC) নম্বর প্রদান করতে হবে।

**i. ঘোষণা (Declaration):** এটি ইনডেন্টার বা আমদানিকারকের একটি আনুষ্ঠানিক ঘোষণা, যেখানে তিনি নিশ্চিত করেন যে পণ্যের বিবরণ, লেনদেন এবং সংশ্লিষ্ট পক্ষগুলোর সকল তথ্য সঠিক ও সম্পূর্ণ। ঘোষণাপত্রের বাক্সে টিক দিয়ে ব্যবসায়ী উল্লিখিত সকল শর্ত ও নিয়ম মেনে নেওয়ার সম্মতি প্রদান করেন।


**৮.৩ আইটেম ট্যাব (Item Tab):** নাম ও দলসমূহ ট্যাব পূরণ সম্পন্ন করার পর, ব্যবসায়ীদের আইটেম ট্যাব-এ যেতে হবে এবং "Create New Item" অপশন থেকে আইটেম যোগ করতে হবে। "Create New Item" অপশনটি নির্বাচন করলে ব্যবসায়ীরা একটি নতুন পৃষ্ঠায় প্রবেশ করবেন, যেখানে তাদের কিছু তথ্য পূরণ করতে হবে। নিচের ছবিতে সেই তথ্যগুলো কীভাবে পূরণ করতে হবে তা দেখানো হয়েছে।





Fill New Application
Cancel Editing
Store
Request
Document Status:
Header
Names & Parties
Items 0
Attached Documents 2
Items
Import
Export
Create New Item
New Item
Cancel
Add Item
a
Commodity Code
Search Commodity Code (Min 2)
b
Country Of Origin
Choose country of origin
c
Commodity Description
Commodity Description
d
Commercial Description (Goods Name)
Write commercial description
e
Manufacturers Name & Address
Write Manufacturers name and address

**ক. পণ্যের কোড (Commodity Code):** পণ্যের কোড বলতে HS কোড (Harmonized System Code) বোঝানো হয়েছে। ব্যবসায়ী ২-অঙ্কের HS কোড টাইপ করলেই সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে প্রয়োজনীয় পণ্যের কোড প্রদর্শন করবে, যেখান থেকে সঠিক কোড নির্বাচন করা যাবে।




**b. উৎপত্তি দেশ (Country of Origin):**ব্যবসায়ীরা সিস্টেম কর্তৃক সরবরাহকৃত দেশের তালিকা থেকে পণ্যের উৎপত্তি দেশ নির্বাচন করতে পারবেন।

**c. পণ্যের বর্ণনা (Commodity Description):**পণ্যের বর্ণনা কমোডিটি/HS কোড এর সাথে যুক্ত থাকে এবং সংশ্লিষ্ট কোড নির্বাচন করার পর তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে।

**d. বাণিজ্যিক বর্ণনা (পণ্যের নাম) [Commercial Description (Goods Name)]:**এই ঘরে পণ্যের বাণিজ্যিক নাম লিখতে হবে। ব্যবসায়ীদের এই ঘরে পণ্যের বাণিজ্যিক বর্ণনা প্রদান করতে হবে।

**e. উৎপাদনকারীর নাম ও ঠিকানা (Manufacturer's Name & Address):**এই ঘরে ব্যবসায়ীদের পণ্যের উৎপাদনকারীর নাম ও ঠিকানা প্রদান করতে হবে।



Invoice Value in Foreign Currency
f
Write value
Invoice Value in National Currency
g
Write value
BDT
Quota Type
Net Mass
Requested Amount or Quantity
h
Write requested amount or quantity
KGM
Approved Amount or Quantity
I
Write approved amount
KGM
Remaining Amount or Quantity
j
Remaining amount
KGM


**f.বৈদেশিক মুদ্রায় ইনভয়েস মূল্য (Invoice Value in Foreign Currency):** এই ঘরে ব্যবসায়ীকে পণ্যের ইনভয়েস মূল্য বৈদেশিক মুদ্রায় উল্লেখ করতে হবে।

**g.জাতীয় মুদ্রায় ইনভয়েস মূল্য (Invoice Value in National Currency):** এই ঘরটি সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে।

**h.অনুরোধকৃত পরিমাণ বা পরিসংখ্যান (Requested Amount or Quantity):** এই ঘরে ব্যবসায়ীরা যে পরিমাণ বা সংখ্যক পণ্য প্রাথমিকভাবে অনুরোধ করেছেন, তা উল্লেখ করতে হবে।

**i.অনুমোদিত পরিমাণ বা পরিসংখ্যান (Approved Amount or Quantity):** এই ঘরে ব্যবসায়ীর অনুরোধকৃত পরিমাণের যে অংশটি DGDA কর্তৃপক্ষ দ্বারা যাচাই ও অনুমোদিত হয়েছে, তা প্রদর্শিত হবে। ব্যবসায়ীরা এই ঘরটি সম্পাদনা করতে পারবেন না।

**j.অবশিষ্ট পরিমাণ বা পরিসংখ্যান (Remaining Amount or Quantity):** এই ঘরটি DGDA কর্মকর্তারা অনুমোদিত পরিমাণের ভিত্তিতে পূরণ করবেন।


Local Manufacturer
k
Total Quantity
l
Unit of Total Quantity
m
Total FOC Quantity
n
Unit Price
o
Currency of Unit Price
p
Search (Min 2)
Pack Size
q
Registration Number
r
Validity of Registration
s
DD/MM/YYYY

**k. স্থানীয় উৎপাদক (Local Manufacturer):**এই ঘরটি নিষ্ক্রিয় (deactivated) অবস্থায় থাকবে।

**l. মোট পরিমাণ (Total Quantity):**এই ঘরে ঘোষিত বা অনুরোধকৃত পণ্যের মোট ইউনিট সংখ্যা লিখতে হবে।

**m. মোট পরিমাণের একক (Unit of Total Quantity):**ড্রপডাউন মেনু থেকে সঠিক পরিমাপের একক নির্বাচন করতে হবে (যেমন: ট্যাবলেট, বোতল, বক্স ইত্যাদি)।

**n. মোট FOC পরিমাণ (Total FOC Quantity):**এই ঘরে বিনামূল্যে প্রদত্ত (FOC – Free of Charge) মোট ইউনিট সংখ্যা উল্লেখ করতে হবে।


**o. ইউনিট মূল্য (Unit Price):**এই ঘরে পণ্যের একক মূল্যের পরিমাণ লিখতে হবে।

**p. ইউনিট মূল্যের মুদ্রা (Currency of Unit Price):**ব্যবসায়ীকে অবশ্যই উল্লেখ করতে হবে যে ইউনিট মূল্য কোন মুদ্রায় (যেমন: USD, BDT) নির্ধারিত হয়েছে।

**q. প্যাক সাইজ (Pack Size):**এই ঘরে পণ্যের প্যাকেট বা প্যাকেজিং এর আকার/পরিমাণ সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে।

**r. নিবন্ধন নম্বর (Registration Number):**এই ঘরে পণ্যের নিবন্ধনের সময় প্রদত্ত অফিসিয়াল নম্বর লিখতে হবে।

**s. নিবন্ধনের মেয়াদ (Validity of Registration):**এই ঘরে পণ্যের নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ উল্লেখ করতে হবে।


Major Indication or Purpose of Import t

Suppliers Name & Address u

Write the name and address of the Supplier

Quantity Approved Last Year (FY) v

Quantity Approved Previous Year (FY) w

Last Approved Quantity (FY) x

Last Approval Date (FY) y

DD/MM/YYYY

**t. আমদানির প্রধান উদ্দেশ্য বা ব্যবহার (Major Indication or Purpose of Import):** এই ঘরে পণ্যটি আমদানি করার প্রধান কারণ বা উদ্দেশ্য উল্লেখ করতে হবে।

**u. সরবরাহকারীর নাম ও ঠিকানা (Supplier's Name & Address):** এই ঘরে সরবরাহকারী প্রতিষ্ঠানের পূর্ণ নাম ও ঠিকানা প্রদান করতে হবে।


**v. গত অর্থবছরে অনুমোদিত পরিমাণ (Quantity Approved Last Year - FY):** গত অর্থবছরে পণ্যের যে পরিমাণ অনুমোদন হয়েছিল, তা এই ঘরে লিখতে হবে।

**w. তার আগের অর্থবছরে অনুমোদিত পরিমাণ (Quantity Approved Previous Year - FY):** গত অর্থবছরের আগের অর্থবছরে যে পরিমাণ অনুমোদন হয়েছিল, তা এখানে উল্লেখ করতে হবে।


**x. সর্বশেষ অনুমোদিত পরিমাণ (Last Approved Quantity - FY):** সর্বশেষ কোনো অর্থবছরে যে পরিমাণ পণ্য আমদানির জন্য অনুমোদন পেয়েছে, তা এই ঘরে লিখতে হবে।

**y. সর্বশেষ অনুমোদনের তারিখ (Last Approval Date - FY):** সর্বশেষ অর্থবছরে আমদানির অনুমোদন যেদিন প্রদান করা হয়েছিল, সেই তারিখটি এখানে উল্লেখ করতে হবে।

**৮.৪ সংযুক্ত নথিপত্র ট্যাব (Attached Documents Tab):** আইটেম যুক্ত করার পর, ব্যবহারকারীকে "Attach New Documents" ট্যাবে ক্লিক করে প্রয়োজনীয় নথিপত্র সংযুক্ত করতে হবে।



ব্যবসায়ীরা "Create New Document" বাটনে ক্লিক করে নতুন ডকুমেন্ট টাইপ তৈরি করতে পারেন এবং সিস্টেম-নির্ধারিত ডকুমেন্টগুলো থেকে নির্বাচন করতে পারেন।যখন ব্যবসায়ী "Create New Document" বাটনে ক্লিক করবেন, তখন একটি নতুন ফর্ম প্রদর্শিত হবে, যেখানে ড্রপডাউন অপশন থেকে ডকুমেন্টের ধরন নির্বাচন করা যাবে।




**ক. কোড (Code):** সংযুক্ত ডকুমেন্টের কোডগুলো ASYCUDA World-এ ব্যবহৃত কাস্টমস ঘোষণা কোডের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সিস্টেম একটি তালিকা দেবে যেখানে কোড ও সংশ্লিষ্ট ডকুমেন্টের বিবরণ থাকবে, যাতে ব্যবহারকারী প্রয়োজনীয় বাধ্যতামূলক ডকুমেন্টগুলো সংযুক্ত করতে পারেন।

**খ. রেফারেন্স নম্বর (Reference Number):** এই ঘরে ব্যবহারকারীকে সংযুক্ত ডকুমেন্টের একটি রেফারেন্স নম্বর প্রদান করতে হবে।

**গ. তারিখ (Date):** এই ঘরটি ডকুমেন্ট আপলোডের তারিখ নির্দেশ করে। এটি ঐচ্ছিক, ব্যবহারকারী চাইলে পূরণ করতে পারেন অথবা খালি রাখতে পারেন।

**ঘ. ফাইল নির্বাচন করুন (Choose File):** এই অপশনের মাধ্যমে ব্যবহারকারীরা বাধ্যতামূলক ডকুমেন্ট আপলোড করতে পারবেন। সর্বোচ্চ ফাইল সাইজ হতে পারবে ২MB।

**ঙ. পরিবর্তন সংরক্ষণ করুন (Save Changes):** ফাইল সংযুক্ত করার পর, ব্যবহারকারীদের "Save Changes" বাটনে ক্লিক করে ডকুমেন্ট জমা দিতে হবে।





ডকুমেন্ট জমা দেওয়ার পর, ব্যবহারকারীরা ডকুমেন্টের একটি স্ন্যাপশট দেখতে পাবেন। একবার সমস্ত তথ্য সঠিকভাবে পূর্ণ হলে, তাদের "Request" বাটনে ক্লিক করতে হবে CLP আবেদন তৈরি করার জন্য। সফলভাবে জমা দেওয়ার পর, ব্যবহারকারীরা একটি নিশ্চিতকরণ ইমেইল পাবেন, যা উপরের ছবিতে প্রদর্শিত হয়েছে।

**৯. ফিনিশড মেডিসিন, ভ্যাকসিন বা মেডিকেল ডিভাইসের আমদানির শংসাপত্রের জন্য আবেদন কিভাবে করবেন (Certificate of Clearance for Release of Import of Finished Medicine/Vaccine/Medical Devices - 4709):**

একজন ব্যবসায়ী ফিনিশড মেডিসিন, ভ্যাকসিন বা মেডিকেল ডিভাইসের আমদানির জন্য Indent/PI অনুমোদনের আবেদন (ফর্ম 4703) জমা দেবেন। একবার DGDA কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হলে, একজন ব্যবসায়ী তখন আমদানিকৃত পণ্যের Certificate of Clearance (ফর্ম 4709) জেনারেট করতে পারবেন। ফর্ম ৪৭০৯-এর প্রয়োজনীয় ক্ষেত্রগুলি অনেকটাই ফর্ম ৪৭০৩-এর মতো, তবে কিছু অতিরিক্ত বা ভিন্ন ক্ষেত্র রয়েছে, যা নিচে আলোচনা করা হয়েছে।

**৯.১ হেডার ট্যাব (Header Tab):**হেডার ট্যাবে ব্যবসায়ীকে কিছু অতিরিক্ত ক্ষেত্র পূরণ করতে হবে, যখন অন্যান্য ক্ষেত্রগুলি ফর্ম ৪৭০৩ এর মতোই থাকবে, যা ফিনিশড মেডিসিন, ভ্যাকসিন বা মেডিকেল ডিভাইসের আমদানির জন্য Indent/PI অনুমোদন এর শিরোনামে অন্তর্ভুক্ত (পৃষ্ঠা নম্বরঃ ৪৫-৪৯)। অতিরিক্ত ক্ষেত্রগুলি নিম্নরূপ:


Country of Export
AE
United Arab Emirates
Entry Point
Select...
Terms of Delivery
Select...
Invoice Currency Code
AUD
77.4459
Invoice Value in Foreign Currency
50,000.00
Invoice value in BDT
3,872,295.00
Place of Loading
Search Place of Loading (Min 2)
Place of Unloading
Search Place of Unloading (Min 2)

**পণ্যের আমদানির প্রবেশ পয়েন্ট (Entry Point for Product Import):** প্রবেশ পয়েন্টের মানে হল সেই নির্দিষ্ট বন্দর বা স্থান, যার মাধ্যমে আমদানিকৃত ফিনিশড মেডিসিন, ভ্যাকসিন বা মেডিকেল ডিভাইস দেশে প্রবেশ করবে। ব্যবসায়ীকে ড্রপডাউন মেনু থেকে সঠিক প্রবেশ পয়েন্ট নির্বাচন করতে হবে, যা শিপমেন্ট যেখানে পৌঁছানোর প্রত্যাশা করা হচ্ছে, তার উপর ভিত্তি করে।

**ডেলিভারির শর্ত (Terms of Delivery):** ব্যবসায়ীকে ড্রপডাউন মেনু থেকে প্রযোজ্য ডেলিভারির শর্ত নির্বাচন করতে হবে, যেমন Cost and Freight (CFR), Cost, Insurance and Freight (CIF) ইত্যাদি।

**লোডিং স্থান (Place of Loading):** ব্যবসায়ীকে লোডিং স্থান (যেখানে পণ্য পাঠানো হয়েছে) এর নাম ড্রপডাউন মেনু থেকে নির্বাচন করতে হবে।

**আনলোডিং স্থান (Place of Unloading):** ব্যবসায়ীকে আনলোডিং স্থান (যেখানে পণ্য গ্রহণ করা হবে) নির্বাচন করতে হবে, যা ড্রপডাউন তালিকা থেকে বেছে নেওয়া যাবে।

**৯.২ নাম ও দলসমূহ ট্যাব (Name & Parties Tab):** আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে ব্যবসায়ীকে কিছু অতিরিক্ত ক্ষেত্র পূর্ণ করতে হবে। এই ক্ষেত্রগুলি সঠিক ডকুমেন্টেশন এবং বিধিগত সম্মতি নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং নিচে সেগুলির ব্যাখ্যা দেওয়া হয়েছে।





**এলসি/টিটি/ক্যাড রেফারেন্স নম্বর (LC/TT/CAD Reference Number):** ব্যবসায়ীকে এলসি (Letter of Credit), টিটি (Telegraphic Transfer), অথবা ক্যাড (Cash Against Documents) এর সাথে সম্পর্কিত রেফারেন্স নম্বর প্রদান করতে হবে। এই নম্বরটি আমদানি লেনদেনের অর্থপ্রদানের পদ্ধতির একটি অনন্য সনাক্তকারী হিসেবে কাজ করে এবং এটি আর্থিক ট্র্যাকিং এবং যাচাইয়ের জন্য প্রয়োজনীয়।

**এলসি/টিটি/ক্যাড ইস্যু তারিখ (LC/TT/CAD Issue Date):** ব্যবসায়ীকে ঐতিহাসিকভাবে এলসি, টিটি, বা ক্যাড যেদিন সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান থেকে ইস্যু করা হয়েছে, সেই অফিসিয়াল তারিখ প্রদান করতে হবে।


## ৯.৩ আইটেম ট্যাব (Item Tab):

Certificate of Clearance for the Release of Imported Items (Form 4709) এর আইটেম ট্যাব Approval of Indent/PI for the Import of Finished Medicine, Vaccines, or Medical Devices (Form 4703)-এর আইটেম ট্যাবের মতোই। এই অংশে ব্যবসায়ীদের কোনো অতিরিক্ত ক্ষেত্র পূরণ করতে হবে না, কারণ পূর্বে প্রদত্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে আগের ট্যাব থেকে নিয়ে আসা হবে।

**৯.৪ সংযুক্ত নথিপত্র (Attached Documents):** আইটেম যোগ করার পর, ব্যবহারকারীকে "Attach New Documents" ট্যাবে ক্লিক করে প্রয়োজনীয় নথিপত্র সংযুক্ত করতে হবে।



ব্যবসায়ীরা "Create New Document" বাটনে ক্লিক করে নতুন ডকুমেন্ট টাইপ তৈরি করতে পারেন এবং সিস্টেম-নির্ধারিত ডকুমেন্টগুলো থেকে নির্বাচন করতে পারেন। যখন ব্যবসায়ী "Create New Document" বাটনে ক্লিক করবেন, তখন একটি নতুন ফর্ম প্রদর্শিত হবে, যেখানে ড্রপডাউন অপশন থেকে ডকুমেন্টের ধরন নির্বাচন করা যাবে।




a. **কোড (Code):** সংযুক্ত ডকুমেন্টের কোডগুলি ASYCUDA World-এ ব্যবহৃত কাস্টমস ঘোষণা কোডের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সিস্টেম এই কোডগুলির একটি তালিকা দেবে, যেগুলির সাথে তাদের সংশ্লিষ্ট ডকুমেন্ট বিবরণ থাকবে, যা ব্যবহারকারীদের প্রয়োজনীয় বাধ্যতামূলক ডকুমেন্টগুলো সংযুক্ত করতে সাহায্য করবে।

b. **রেফারেন্স নম্বর (Reference Number):** ব্যবহারকারীকে সংযুক্ত ডকুমেন্টের জন্য একটি রেফারেন্স নম্বর প্রদান করতে হবে।

c. **তারিখ (Date):** এই ঘরটি ডকুমেন্ট আপলোডের তারিখ নির্দেশ করে। ব্যবহারকারী এটি পূর্ণ করতে পারেন অথবা খালি রাখতে পারেন, কারণ এটি ঐচ্ছিক।

d. **ফাইল নির্বাচন করুন (Choose File):** এই অপশনের মাধ্যমে ব্যবহারকারীরা বাধ্যতামূলক ডকুমেন্ট আপলোড করতে পারবেন, যার সর্বোচ্চ ফাইল সাইজ হবে ২এমবি।


e. **পরিবর্তন সংরক্ষণ করুন (Save Changes):** ফাইল সংযুক্ত করার পর, ব্যবহারকারীদের "Save Changes" বাটনে ক্লিক করে ডকুমেন্ট জমা দিতে হবে।




ডকুমেন্ট জমা দেওয়ার পর, ব্যবহারকারীরা ডকুমেন্টের একটি স্ন্যাপশট দেখতে পাবেন। একবার সমস্ত তথ্য সঠিকভাবে পূর্ণ হলে, তাদের "Request" বাটনে ক্লিক করতে হবে CLP আবেদন তৈরি করার জন্য। সফলভাবে জমা দেওয়ার পর, ব্যবহারকারীরা একটি নিশ্চিতকরণ ইমেইল পাবেন, যা উপরের ছবিতে প্রদর্শিত হয়েছে।

## ১০. নমুনা পণ্য রপ্তানির জন্য অনাপত্তি সনদ (NOC)


**১০.১ হেডার ট্যাব:**হেডার ট্যাবে, ব্যবসায়ীকে দুটি অতিরিক্ত ঘর পূরণ করতে হবে, যেখানে অন্যান্য সকল ঘর "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন" শিরোনামের লাইসেন্সের মতোই অপরিবর্তিত থাকবে। (পৃষ্ঠা: ১২-১৭)




**গন্তব্য দেশ:**এটি সেই দেশকে নির্দেশ করে, যেখানে পণ্য, সেবা বা ব্যক্তি শেষ পর্যন্ত প্রেরণ করা হচ্ছে। এই ঘরটিতে ব্যবসায়ীকে গন্তব্য দেশের নাম উল্লেখ করতে হবে।
**ব্যবহারের উদ্দেশ্য:**এটি পণ্য রপ্তানি বা আমদানির পেছনের কারণ বা উদ্দেশ্যকে নির্দেশ করে। ব্যবসায়ীকে ড্রপডাউন মেনু থেকে উপযুক্ত ব্যবহারের উদ্দেশ্য নির্বাচন করতে হবে।

**১০.২ নাম ও দলসমূহ ট্যাব:** নাম ও পক্ষসমূহ ট্যাবের অধীনে যেসব ঘর উপলব্ধ থাকবে, সেগুলো "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন" শিরোনামের লাইসেন্সে জমাদানের সময় প্রয়োজনীয় ঘরগুলোর মতোই থাকবে। (পৃষ্ঠা: ১৮-২১)

**১০.৩ আইটেম ট্যাব:** আইটেম ট্যাবে, ব্যবসায়ীকে তিনটি অতিরিক্ত ঘর পূরণ করতে হবে, যখন অন্যান্য সকল ঘর "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন" শিরোনামের লাইসেন্সের মতোই অপরিবর্তিত থাকবে। (পৃষ্ঠা: ২২-৩০)





**তাপমাত্রা সংবেদনশীল:**এই ঘরটিতে ব্যবসায়ী ড্রপডাউন মেনু থেকে "হ্যাঁ" বা "না" নির্বাচন করে জানাতে পারবেন যে পণ্যটি তাপমাত্রা সংবেদনশীল কি না।
**মোট পরিমাণ:**এই ঘরটি আমদানি বা রপ্তানি করা পণ্যের মোট পরিমাণকে নির্দেশ করে। ব্যবসায়ীকে সঠিক পরিমাপ এককে সম্পূর্ণ পরিমাণ উল্লেখ করতে হবে।
**প্যাকেজিং ইউনিট:**এই ঘরটিতে পণ্য পরিবহনের জন্য ব্যবহৃত প্যাকেজিংয়ের ধরণ যেমন কার্টন, বক্স, ড্রাম, প্যালেট বা কনটেইনার ইত্যাদি উল্লেখ করতে হবে। ব্যবসায়ী ড্রপডাউন মেনু থেকে উপযুক্ত বিকল্প নির্বাচন করতে পারবেন।

**১০.৪ সংযুক্ত নথিপত্র:**নথিপত্র সংযুক্ত করার জন্য, ব্যবসায়ীকে "কাঁচামাল ও প্যাকেজিং উপকরণ আমদানির ব্লক তালিকা অনুমোদন" শিরোনামের লাইসেন্সের জন্য প্রদত্ত একই নির্দেশাবলী অনুসরণ করতে হবে (পৃষ্ঠা: ৩১-৩৬ দেখুন)। একজন ব্যবসায়ীকে "**নমুনা পণ্য রপ্তানির জন্য অনাপত্তি সনদ (NOC)**"-এর জন্য আবেদন করার সময় নিম্নলিখিত দুইটি নথি সংযুক্ত করতে হবে:




## ১০. অনুমোদন প্রক্রিয়া (৪৭০৩):

ডিজিডিএ (DGDA) কর্মকর্তাগণ বিএসডাব্লিউ (BSW) সিস্টেমের মাধ্যমে ইমেইল নোটিফিকেশন পাবেন। তারা তাদের ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করে বিএসডাব্লিউ পোর্টালে লগইন করতে পারবেন অথবা ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করেও প্রবেশ করতে পারবেন। ডিজিডিএ কর্মকর্তাগণ "View" আইকনে ক্লিক করে আবেদন সংক্রান্ত বিস্তারিত দেখতে পারবেন। "View" আইকনে ক্লিক করলে তারা আবেদনটি দেখতে পাবেন, সেখান থেকে আবেদনটি যাচাই করতে পারবেন।




# ১০.১ অনুমোদন প্রক্রিয়ার প্রথম ধাপ(ডেস্ক অফিসার কর্তৃক যাচাই):




অনুমোদন প্রক্রিয়ার প্রথম ধাপে CLPIA (DGDA Officials) তিনটি অপশন পাবে: "প্রশ্ন/Query", " চেক বাই ডেস্ক অফিসার/ Check by Desk Officer" এবং "বন্ধ করুন"। যদি আবেদন জমা দেওয়া সঠিক হয়, তবে সংশ্লিষ্ট ব্যক্তি " রিসিভ " বাটন ক্লিক করে আবেদনটি পরবর্তী স্তরে ফরওয়ার্ড করতে পারবেন। তবে, যদি তার কোনো সন্দেহ থাকে বা আরও স্পষ্টতা প্রয়োজন হয়, তাহলে তিনি "প্রশ্ন" বাটন ক্লিক করে মন্তব্য সহ আবেদনটি আবেদনকারীর কাছে ফেরত পাঠাতে পারবেন।যদি তিনি পরে আবেদনটি যাচাই বা অনুমোদন করতে ছান তাহলে ক্লোজ/Close বাটন ক্লিক করবেন।


## ১০.২ অনুমোদন প্রক্রিয়ার দ্বিতীয় এবং চূড়ান্ত ধাপ(উপপরিচালক কর্তৃক পর্যালোচনা ও অনুমোদন):




এটি অনুমোদন প্রক্রিয়ার চূড়ান্ত ধাপ , যেখানে CLPIA- এর চারটি অপশন থাকবে: "প্রশ্ন", " রিজেক্ট ", "রিটার্ন" এবং "অনুমোদন"।

- যদি স্পষ্টতা প্রয়োজন হয়, সংশ্লিষ্ট কর্মকর্তা "প্রশ্ন" অপশন নির্বাচন করে মন্তব্যসহ আবেদনটি আবেদনকারীর কাছে ফেরত পাঠাতে পারবেন।
- আবেদনটি পূর্ববর্তী ডেস্কে ফিরিয়ে দিতে হলে "রিটার্ন" ক্লিক করতে হবে।
- যদি আবেদনটির সাথে কোনো সমস্যা পাওয়া যায়, তবে CLPIA " রিজেক্ট " নির্বাচন করতে পারেন।
- যদি জমা দেওয়া তথ্য সঠিক হয়, তবে CLPIA-কে "অনুমোদন" বাটন ক্লিক করে আবেদনটি অনুমোদন করতে পারবেন এবং অনুমোদন লাইসেন্সের বৈধতা সময়কাল উল্লেখ করতে হবে।

একবার CLP অনুমোদিত হলে, স্টেকহোল্ডার একটি ইমেইল পাবেন যা চূড়ান্ত অনুমোদনের বিষয়টি নিশ্চিত করবে, এবং লাইসেন্সের স্ট্যাটাস "অনুমোদিত" হিসেবে আপডেট করা হবে, যা নিম্নের ছবিতে প্রদর্শিত হয়েছে।



CLP List

Approved | Request Number | Filters

| Status | Type of CLP | Request Number | Approval Ref. | Approval Date | Company | Last Updated On ↓ |
|---|---|---|---|---|---|---|
| Approved | 3903 | R25000658 | A25000450 | 18/02/2025 | NOOR FATEMA FISHERIES 000088433-0503 | 18/02/2025 16:11:54 |
| Approved | 1901 | R25000666 | A25000449 | 18/02/2025 | IDLC FINANCE LIMITED 000161105-0401 | 18/02/2025 15:24:07 |
| Approved | 1503 | IB1802250003 | IB1802250003 | 09/02/2025 | Mainetti Bangladesh (Pvt.) ... 000449139-0403 | 18/02/2025 13:21:56 |
| Approved | 1503 | IB1802250002 | IB1802250002 | 18/02/2025 | Mainetti Bangladesh (Pvt.) ... 000449139-0403 | 18/02/2025 12:37:34 |
| Approved | 3806 | R25000634 | A25000447 | 18/02/2025 | BRITISH AMERICAN TOBA... 000000018-0208 | 18/02/2025 12:28:13 |

WEBB FONTAINE

We’re building something big.